

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা ১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২২.০৫.০৪৩.১৮.৩৭

তারিখঃ-২৮-০৭-২০২০খ্রি।

বিষয়: ২০১৯-২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন প্রেরণ ও অব্যয়িত খাদ্যশস্য/নগদ টাকা আদায় প্রসংগে।


১। সূত্রঃ অত্র অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০০.০২২.০৫.০৪৩.১৮.২৬; তারিখঃ-০৮-০৬-২০২০খ্রি।

২। সূত্রঃ স্মারক নং- ৫১.০১.০০০০.০২২.০৫.০৪৩.১৮.২৯ তারিখঃ-১৬-০৭-২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ২০১৯-২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির আওতায় প্রকল্পের কাজ গত ৩০-০৬-২০২০খ্রি.তারিখে সমাপ্ত হয়েছে। পরিপত্রের নির্দেশিকা মোতাবেক বাস্তবায়িত প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন সূত্রোক্ত স্মারকদ্বয়ের মাধ্যমে গত ১৫-০৭-২০২০খ্রি. তারিখের মধ্যে অত্র অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধিও তাঁর উপজেলা হতে চাহিত সমাপ্তি প্রতিবেদন পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, বর্ণিত কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা পৃথকভাবে পরিপত্রের নির্ধারিত ছক সংলগ্নী-১১ (ক) ও সংলগ্নী-১১ (খ) মোতাবেক উল্লেখপূর্বক সমাপ্তি প্রতিবেদন এবং প্রকল্পের তালিকার বিস্তারিত সারাংশ সিটি ছক মোতাবেক (অধিদপ্তরের ওয়েব সাইটে ফরম মেন্যুতে পাওয়া যাবে) আগামী ০৬-০৮-২০২০খ্রি. তারিখের মধ্যে মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগে সূত্রোক্ত স্মারকে উল্লিখিত শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য সর্বশেষ বারের মত অনুরোধ করা হলো। একই সাথে নির্দেশিকার ১৬ নং অনুচ্ছেদ মোতাবেক অব্যয়িত খাদ্যশস্য/নগদ টাকা আদায়ের জন্য অনুরোধ করা হলো।

প্রাপক


(মোঃ ইফতেখারুল ইসলাম)
পরিচালক (মুওপ)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
ফোন: ৯৮৬০৫২৩

১। উপজেলা নির্বাহী অফিসার

.....(সকল)।

২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

.....(সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো:

১। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

২। জেলা প্রশাসক.....(সকল)।

৩। উপ পরিচালক (মুওপ-১/২/৩), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৪। নির্বাহী প্রকৌশলী (মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা.....(সকল)। তাঁকে ব্যক্তিগত উদ্যোগে উল্লিখিত প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৮। সংরক্ষণ নথি।